টুইটারের অফিস বন্ধ

সাময়িকভাবে টুইটারের সব কার্যালয় বন্ধ করার কথা জানিয়েছে কর্তৃপক্ষ। এ সিদ্ধান্ত শিগগির কার্যকর হবে। আগামী সোমবার (২১ নভেম্বর) পুনরায় খুলে দেওয়া হবে অফিস। খবর বৃটিশ সংবাদ মাধ্যম বিবিসির।

কর্মীদের কাছে পাঠানো এক বার্তায় টুইটার কর্তৃপক্ষ এ সিদ্ধান্তের কথা জানিয়েছে। এতে আরও বলা হয়, ‘সামাজিক যোগাযোগ মাধ্যম, গণমাধ্যম বা অন্য কোথাও কোম্পানির তথ্য নিয়ে আলোচনা করা থেকে বিরত থাকুন এবং কোম্পানির নীতি মেনে চলুন’।

তবে এ তথ্য যাচাইয়ের ক্ষেত্রে বিবিসির কাছে তাৎক্ষণিকভাবে কোনো মন্তব্য করেনি টুইটার কর্তৃপক্ষ।

গত ২৭ অক্টোবর এক টুইটে টুইটার কেনার বিষয়টি নিশ্চিত করেন ইলন মাস্ক নিজেই বিশ্বের জনপ্রিয় এ সোশ্যাল মিডিয়া কেন কিনলেন, এর ভবিষ্যৎ নিয়ে পরিকল্পনা কী সে বিষয়েও নিজের অবস্থান পরিষ্কার করেন টেসলা সিইও। এরপর তিনি নিজেই টুইটারের প্রধান নির্বাহীর দায়িত্ব নিয়েছেন। ঢেলে সাজাতে শুরু করেন পুরো প্রতিষ্ঠানটি। তবে এরইমধ্যে টুইটার ছেড়েছেন শীর্ষ বেশ কয়েকজন কর্মকর্তা।

ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদ্বোধন উপলক্ষে জেলা প্রশাসকের প্রেস ব্রিফ

আগামী ১৯ নভেম্বর জেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিতব্য ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদ্বোধন উপলক্ষে প্রেস ব্রিফ করেছেন ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

বৃহস্পতিবার বিকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত এই প্রেস ব্রিফিং অনুষ্ঠানে অনুষ্ঠিতব্য ডিজিটাল

উদ্ভাবনী মেলা ২০২২ মেলার বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন জেলা প্রশাসক।

এসময় স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক (ডিডিএলজি) মৃধা মোহাম্মদ মুজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আশরাফুজ্জামান ভূঁইয়া, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস।

উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রেসক্লাবে সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টুসহ বিভিন্ন পত্রিকার স্থানীয় সাংবাদিকবৃন্দ।

জেলা প্রশাসক প্রেস ব্রিফিং এ বলেন, প্রধান মন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষমাত্রা, এবং ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার লক্ষে সরকার প্রতিনিয়ত বিভিন্ন কার্যক্রম হাতে নিচ্ছেন।প্রযুক্তি বান্ধব নানা উদ্ভাবনের মাধ্যমে নাগরিক জীবনকে আরো সহজ সমৃদ্ধ এবং স্মার্ট করে গড়ে তুলতে সারাদেশের উদ্ভাবকদের উদ্ভাবনী সক্ষমতা দেশের প্রয়োজনে কাজে লাগাতে দেশব্যাপী আয়োজন করছে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২।

সরকারি অফিসের মাধ্যমে নাগরিকদের সামনে সেবা উপস্থাপনার সংস্কৃতি চর্চা উদ্ভাবনী মেলা থেকে নাগরিকদের সারসরি সেবা গ্রহণের সুযোগ সৃষ্টি ও সরকারি সেবার মানোন্নয়নে নাগরিকদের মতামত গ্রহণের সংস্কৃতি গঠণ ইত্যাদি লক্ষ ও উদ্দেশ্যকে সামনে রেখে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণে ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত হবে।

প্রতি সেকেন্ডে হামলার শিকার ৯২১ পাসওয়ার্ড

বিশ্বে প্রতি মুহূর্তে বাড়ছে পাসওয়ার্ড আক্রমণের ঘটনা। প্রতি সেকন্ডে হামলার শিকার হচ্ছে ৯২১টি পাসওয়ার্ড। গত এক বছরে হু হু করে পাসওয়ার্ড অ্যাটাকের পরিমাণ ৯৪ শতাংশ বেড়েছে বলে জানিয়েছে

প্রযুক্তি জায়ান্ট মাইক্রোসফট।

‘ডিজিটাল ডিফেন্স রিপোর্ট ২০২২’ সমীক্ষায় হামলার অন্যতম হাতিয়ার বলা হয়েছে মানবচালিত র্যানসামওয়্যার-কে।

মাইক্রোসফট প্রকাশিত ওই প্রতিবেদনে বলা হয়েছে, প্রতিদিনই নতুন নতুন প্রযুক্তি আবিষ্কার হচ্ছে। সেই সঙ্গে বাড়ছে হ্যাকিংয়ের নতুন নতুন পন্থা। ফলে পাসওয়ার্ড অ্যাটাক ঘিরে বাড়ছে জটিলতা। চলতি বছরের মে মাস পর্যন্ত যাবতীয় তথ্যে দেখা গেছে, রিমোট ম্যানেজমেন্ট ডিভাইসে এই আক্রমণ বাড়ছে। শুধুমাত্র গত মে মাসেই অ্যাটাক হয়েছে ১০ লাখ।

সমীক্ষায় আরও বলা হয়, ‘নিজের কম্পিউটিং পাওয়ারকে ব্যবহার করে হ্যাকররা ক্রিপ্টোকারেন্সির খনিতেও হাত বাড়াচ্ছে।’ র্যানসামওয়্যারের মাধ্যমে অন্তত এক তৃতীয়াংশ পাসওয়ার্ড অ্যাটাক হয়ে থাকে।

বলা হচ্ছে, র্যানসামওয়্যারের থেকে দূরে থাকতে সবচেয়ে বেশি কার্যকরি প্রতিকার হচ্ছে মাল্টিফ্যাক্টর অথেন্টিকেশন। এছাড়াও বারবার সিকিউরিটি প্যাচ, নেটওয়ার্কের মধ্যে সহজে বিশ্বাস করার রাস্তায় না হাঁটারও পরামর্শ দিচ্ছে সমীক্ষার পর্যবেক্ষণ। মাইক্রোসফট বলছে, এখন পর্যন্ত তারা ১০০০০ ডোমেইনস বাতিল করেছে এই সমস্যা থেকে বের হতে। যেগুলো সাইবার অপরাধীদের দ্বারা নিয়ন্ত্রিত ছিল। বলা হচ্ছে, ৬০০টি এমন ডোমেন মাইক্রোসফট পেয়েছে যেখানে দেশের থেকেই কেউ হ্যাকিংয়ের রাস্তায় হেঁটেছিল। ফলে স্বভাবতই পাসওয়ার্ড নিয়ে সতর্ক হতে বলা হচ্ছে সংস্থার তরফে।

চুয়াডাঙ্গায় দুই দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলার

উদ্বোধন

উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় দুই দিনব্যাপী ডিজিটাল মেলার উদ্বোধন করা হয়েছে।
বুধবার (১৬ নভেম্বর) সকাল দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কার্যালয় হতে একটা বর্ণাঢ্য র্যালি বাহির হয়।

র্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে আবার চুয়াডাঙ্গা জেলা প্রশাসন কার্যালয়ে এসে শেষ হয়। এরপর ডিজিটাল উদ্ভাবনী মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান, অতিরিক্ত জেলা প্রশাসক মোহাম্মদ আরাফাত রহমানসহ আরো অন্যান্য কর্মকর্তাগণ। এ সময় শুরু হয় ডিসি সাহিত্য মঞ্চে ডিজিটাল মেলা উপলক্ষে এক আলোচনা সভা।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফের সঞ্চালনায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২-আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

এসময় প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন,আমরা বিজ্ঞান ও প্রযুক্তির যুগে বসবাস করছি। আমাদের জাতির পিতার সুযোগ্য কন্যার ঐকান্তিক প্রচেষ্টায় মাত্র ১০ বছরের মধ্যে সব কিছুতেই প্রযুক্তিনির্ভর ডিজিটাল হয়ে উঠেছে বাংলাদেশ। প্রত্যেকের হাতে এখন অ্যানড্রয়েড মোবাইল। মানুষের চিন্তা-ভাবনা ও চাহিদার ধরনে ব্যাপক পরিবর্তন এনেছে ডিজিটাল কমিউনিকেশন। আমাদের বহুল ব্যবহৃত একটি সামাজিক যোগাযোগ মাধ্যম হলো ফেসবুক। দেশে এখন ফেসবুকভিত্তিক বিভিন্ন ব্যবসা গড়ে উঠেছে। ডিজিটাল মার্কেটিং ব্যবস্থায় ঘরে বসে নিজের ইচ্ছামতো খুব সহজে জিনিসপত্র কেনাবেচা করা যায়।

এসময় তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ যখন ডিজিটাল বাংলাদেশ এর ইশতেহারে ঘোষণা করে তখন অনেকেই বিষয়টি নিয়ে উপহাস করেছে বলেছে, ‘ডিজিটাল বাংলাদেশ’ একটি আষাঢ়ে গল্প। তথাকথিত কিছু বুদ্ধিজীবী, বিভিন্ন রাজনৈতিক দলসহ বেশ কিছু

সংস্থা এই রূপকল্পের সমালোচনা করে বলেছিল আওয়ামী লীগ দিবাস্বপ্ন দেখছে এবং দেখাচ্ছে। কিন্তু তাদের সবার যুক্তি ও ধারণাকে ভুল প্রমাণ করে বিশ্ব মানচিত্রে তথ্য-প্রযুক্তিতে বাংলাদেশ আজ অনন্য বিপ্লব রচনা করেছে।

ডিজিটাল উদ্ভাবনী মেলায় উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গা সিভিল সার্জন সাজাৎ হোসেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) আরাফাত রহমান, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মুন্সি আব্দুল হান্নান সহ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত কর্মকর্তা ও ছাত্র-ছাত্রীবৃন্দ। আগামীকাল বিকাল পাঁচটার সময় পুরস্কার বিতরণের মাধ্যমে দুই দিনব্যাপী ডিজিটাল মেলা সমাপ্ত হবে।

মেহেরপুরে ২ দিন ব্যাপি কৃষি প্রযুক্তি ও কৃষি ঋণ মেলার উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর জেলা পরিষদ চত্বরে দুই দিন ব্যাপী কৃষি প্রযুক্তি ও কৃষি ঋণ মেলার উদ্বোধন করা হয়েছে।

বুধবার বেলা ১১ টার সময় মেহেরপুর জেলা প্রশাসকের অফিস চত্ত্বরে দুই দিনব্যাপী মেলার উদ্বোধন করেন কৃষি মন্ত্রী ড.মোঃ আব্দুর রাজ্জাক।

দুই দিন ব্যাপি কৃষি প্রযুক্তি ও কৃষি ঋণ মেলার উদ্বোধন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, কৃষি মন্ত্রণালয়ের সচীব মো: সায়েদুল ইসলাম, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের (গ্রেড-১) চেয়ারম্যান এএফএম হায়াতুল্লাহ, কৃষি বিপনন অধিদপ্তরের মহাপরিচালক আব্দুল গাফ্ফার খান, বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মো: বেনজির আলম, বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহম্মদ বখতিয়ার, বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউটের মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর, বাংলাদেশ কৃষি গভেষণা ইন্সটিটিউটের মহাপারিচালক ড. দেবাশীষ সরকার, বাংলাদেশ পাট গবেষণা ইন্সটিটিউটের মহাপারিচালক ড. আব্দুল আওয়াল, তুলা উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালক কৃষিবিদ মো: আখতারুজ্জামান, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক আজিজুর রহমান, মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম।

এছাড়া উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক আশরাফুজ্জামান ভূঁইয়া।

এর আগে মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সরকারের বিভিন্ন দপ্তরের পরিচালকসহ অন্যান্য অতিথিবৃন্দ ফিতা কেটে মেলার উদ্বোধন ও স্টল পরিদর্শন করেন।

কুষ্টিয়া মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়ন সেমিনারে বক্তারা

কুষ্টিয়ায় মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়ন প্রকল্প (পিএসই) প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও ভবিষ্যত কর্মপন্থা নির্ধারন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১ টায় কুষ্টিয়া জেলা শিল্প কলা একাডেমির হলরুমে এ

সেমিনার অনুষ্ঠিত হয়।

ফেয়ার এর আয়োজনে ও বাংলাদেশ ফ্রিডম ফাউণ্ডেশন (বিএফএফ) এর সহযোগীতায় এ সেমিনার অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা শিক্ষা অফিসার রমজান আলী আকন্দ।

ফেয়ার এর চেয়ারম্যান আ্যাড. মন্জুরী বেগমের সভাপতিত্বে এবং ফেয়ারের পরিচালক দেওয়ান আক্তারুজ্জামানের পরিচালনায় সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একরামুল হক সরকার, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, কুষ্টিয়া জেলা শিক্ষক সমিতির সভাপতি ও কলকাকলি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জেব-উন-নেসা সবুজ। সেমিনারে মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রকল্পের বিস্তারিত আলোকপাত করেন প্রকল্প কর্মকর্তা খুরশীদ আহমেদ শাওন।

সেমিনারে অভিজ্ঞতা শেয়ার করেন, লক্ষীপুর হাসানবাগ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুল আলম, আড়ুয়াপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক উম্মে হাবিবা শান্তা, ঝাউদিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক উত্তম কুমার বিশ্বাস, নাট্যকর্মী আনোয়ার বাবু, সাংবাদিক হাসান আলী, সাংবাদিক হাসান জাহিদ, মনোয়ার আজমত আলী কলেজের সহকারী অধ্যাপক জামিরুল ইসলাম, সংগঠক হাফিজ সরকার, কুষ্টিয়া কালেক্টরেট স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক মৃণাল কান্তি সাহা, আফসার উদ্দিন বালিকা মাদরাসার উপাধ্যক্ষ মাওলানা রেজাউল করিম, খাতের আলী কলেজের প্রভাষক শফিকুল ইসলাম প্রমুখ।

সেমিনারে বক্তারা বলেন, আমরা সকালে ঘুম থেকে উঠে আবার রাতে ঘুমাতে যাওয়া পর্যন্ত বিজ্ঞানের সাথে আছি। বিজ্ঞান আমাদের কাজকে সহজ করে দিয়েছে। দূরকে নিকটে এনে দিয়েছে। বিজ্ঞান ছাড়া এখন কোন কিছু চিন্তাই করা যায় না। বিজ্ঞান ছাড়া জীবন এখন অচল। মেধার সাথে বিজ্ঞানের সমন্বয় ঘটালে অসম্ভবকে উৎরানো সম্ভব।

বিজ্ঞান ছাড়া মানুয়ের বাঁচার সুযোগ নেই উল্লেখ করে বক্তারা আরও বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় সমন্বিত পরিকল্পনার মাধ্যমে দেশীয়ভাবে প্রযুক্তির বিকাশ ঘটাতে হবে। অন্য দেশের ওপর নির্ভর করে টেকসই উন্নয়ন সম্ভব নয়। জীবনের জন্য ও চলার জন্য বিজ্ঞান সবসময় প্রয়োজন। তথ্য প্রযুক্তি ও বিজ্ঞানে এগিয়ে যেতে

পারলে আমরা হব অন্যান্য দেশের কাছে রোল মডেল বলেও উল্লেখ করেন তারা।

সেমিনারে জেলার বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সামাজেক ও স্বচ্ছাসেবী সংগঠনের প্রধানসহ সাংবাদিক ও এনজিও প্রতিনিধি উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান ভীতি দূর করার লক্ষ্যে বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের সহযোগিতায় ফেয়ার কুষ্টিয়া সদর উপজেলার ৩০ টি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়ন করছে মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়ন (পিএসই) প্রকল্প।

আলমডাঙ্গায় ডিজিটাল মেলার উদ্বোধন

উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ এ প্রতিপাদ্যে দিন ব্যাপী আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদ্বোধন করা হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০ টায় উপজেলা মুক্তিযোদ্ধা মঞ্চে অনুষ্ঠিত হয়। ডিজিটাল উদ্ভাবনী মেলায় আলোচনা সভা, সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণ করা হয়।

উদ্বোধনী ডিজিটাল মেলায় উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, উপজেলা সহকারী কমিশনার ভুমি রেজওয়ানা নাহিদ, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা হাদি জিয়াউদ্দিন আহমেদ, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলিগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ আব্দুল্লাহ আল মামুন, থানার অফিসার ইনচার্জ পরিদর্শক ওসি সাইফুল ইসলাম, বীর

মুক্তিযোদ্ধা মঈনুদ্দিন, বীরমুক্তিযোদ্ধা জকু, মহিলা বিষয়ক কর্মকর্তা কামরুন্নাহার আঁখি, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা শাহিনা আক্তার, প্রাণী সম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি প্রমূখ।

অ্যান্ড্রয়েড অটোতে নতুন সুবিধা

অ্যান্ড্রয়েড অটো অ্যাপে কুলওয়াক নামের নতুন ইউজার ইন্টারফেসসহ (ইউআই) একাধিক সুবিধা যুক্ত করেছে গুগল। নতুন এসব সুবিধা চালুর ফলে গাড়ি চালানোর সময় একই পর্দায় পথের দিকনির্দেশনা দেখার পাশাপাশি গান বা ভিডিও প্লেয়ারের ছবি দেখা যাবে। ফলে গান বা ভিডিও পরিবর্তন করার সময়ও পথের গন্তব্য ভালোভাবে দেখা যাবে।

নতুন ইউজার ইন্টারফেসসহ অ্যান্ড্রয়েড অটোর পরীক্ষামূলক সংস্করণটি এরই মধ্যে বেটা সংস্করণ ব্যবহারকারীদের জন্য উন্মুক্ত করা হয়েছে। নতুন ইউজার ইন্টারফেসের পাশাপাশি এ সংস্করণে ভার্চ্যুয়াল সহকারী সেবা ‘গুগল অ্যাসিস্ট্যান্ট’-এর মাধ্যমে পথচলার সময় বিভিন্ন পরামর্শও পাওয়া যাবে।

অ্যান্ড্রয়েড অটোর নতুন ইন্টারফেস দেখতে অনেকটা অ্যাপলের কারপ্লের মতো। কারণ, অ্যাপের বেশির ভাগ জায়গাজুড়ে রয়েছে পথের দিকনির্দেশনা। প্রায় এক–চতুর্থাংশ জায়গা জুড়ে রয়েছে মিউজিক অ্যাপ। বাকি অংশে যোগাযোগের বিভিন্ন অ্যাপ রয়েছে। যোগাযোগের অ্যাপ চালু না করলে পথের দিকনির্দেশনা প্রায় পুরো পর্দায় দেখা যায়।

অ্যান্ড্রয়েড অটোর সাহায্যে অ্যান্ড্রয়েড ফোন থেকেই গাড়িতে গান শোনার পাশাপাশি পথের দিকনির্দেশনা দেখা যায়। তাই অনেকেই নিয়মিত অ্যাপটি ব্যবহার করেন। নতুন ইন্টারফেস যুক্ত অ্যাপটি উন্মুক্ত হলে চালকেরা বর্তমানের তুলনায় আরও নিরাপদে গাড়ি চালাতে পারবেন।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

গাড়ি চলবে বিদ্যুতে, লাগবে না জ্বালানি তেল

বর্তমান সময়ে সবাই ভুগছে জ্বালানির সমস্যায়। সারা পৃথিবী খুঁজছে ভিন্ন উপায়৷ তবে সাধ্যের মধ্যে স্মার্ট জীবন যাপন করতে চায় সবাই। আর স্মার্ট জীবনযাপনের একটি উপকরণ হলো গাড়ি। জ্বালানি সাশ্রয় ও পরিবেশ দূষণ না করতে চাইলে গাড়ি চালাতে হবে বিদ্যুতের মাধ্যমে। এবার বাংলাদেশে তৈরি হচ্ছে এমন গাড়ি, যার কারিগর মোস্তফা। বাংলাদেশে মোস্তফার প্রতিষ্ঠান পালকি মটরস কাজ করছে বৈদ্যুতিক গাড়ি নিয়ে।

মোস্তফা জানান, বৈদ্যুতিক গাড়িতে থাকছে যথারীতি চারটি দরজা ও চারটি চাকা। এছাড়া ও থাকছে ৬০ ভোল্টের ১০০ এইচ লিড ব্যাটারি। যাতে একবার চার্জ দিলে চলবে ১৫০ কিলোমিটার। আর ব্যাটারির অ্যারে চার্জ হতে সময় নিবে প্রায় ৬-৮ ঘন্টা। লিড এসিড ব্যাটারি ৩৬০০০ এর বেশি কিলোমিটার পরিসেবা দিতে সক্ষম।

জ্বালানি তেলের সংকট মোকাবেলায় পেট্রোল, অকটেন, ডিজেলের বিকল্প হিসেবে বিদ্যুৎ দিয়ে এই গাড়ি চালানো সম্ভব। প্রয়োজনীয় অনুমোদন পেলে ২০২৩ সালের জানুয়ারি মাসে প্রথমবার সরবরাহ করা হবে এই গাড়ি। আর প্রি-অর্ডারের পর একজন ক্রেতাকে অপেক্ষা করতে হবে ৫০-৬০ দিন। অর্থাৎ প্রায় ২ মাস। আর মোট মূল্যের ১০ শতাংশ অগ্রিম প্রদান করতে হবে।

বিদ্যুৎ দিয়ে গাড়ি চালানোর ইতিহাস নতুন নয়৷ সাধারণ জ্বালানির বিকল্প হিসেবে বিশ্বের বিভিন্ন দেশে বিদ্যুতের ব্যবহার হচ্ছে দীর্ঘদিন ধরেই৷ বিশ্বের বিদ্যুৎ চালিত গাড়ির অর্ধেকই বিক্রি হয় চীনে৷ মোস্তফার এই বৈদ্যুতিক গাড়ি কিনতে খরচ পরবে প্রায় ৫ লাখ টাকা। বাংলাদেশের ইতিহাসে প্রথম বৈদ্যুতিক গাড়ির মালিক হতে ইতোমধ্যেই ৭০০-রও বেশি আবেদন জমা পড়েছে।

নব্বইয়ের দশকে বা ২০০০ সালের পর ইন্টারনেট যে অবস্থায় ছিল—বৈদ্যুতিক গাড়ির বাজার এখনো সেই অবস্থানে আছে। তবে এই খাতে রয়েছে অপার সম্ভাবনা।

লেখাপড়া শেষ করে দেশের বাইরেই নিজের জীবন গুছিয়ে নিতে পারতেন মোস্তফা। কিন্তু তিনি তা না করে দেশে এসে কিছু করার সিদ্ধান্তেই অবিচল ছিলেন। পৃথিবীর আর সবার মতন দেশের মানুষও যখন জ্বালানি তেলের উর্ধ্বমূল্যের কারণে কষ্টে জীবন যাপন করছেন, তাদের স্বাচ্ছন্দ্য দিতেই তার এই প্রচেষ্টা। মোস্তফা জানান, তিনি এখন সরকারি অনুদানের জন্য অপেক্ষা করছেন। সাহায্য পেলে আরও বড় পরিসরে কাজ করতে পারবেন তিনি।

জীবননগরে ডিজিটাল উদ্ভাবনী মেলা উদ্বোধন

জীবননগরে দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন করা হয়েছে।বুধবার সকাল সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা চত্বরে দিন ব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন করা হয়।

জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভুমি) তিথি মিত্রের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,জীবননগর পৌর সভার মেয়র রফিকুল ইসলাম,উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক,জীবননগর পৌর সভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন,বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান,রায়পুর ইউপি চেয়ারম্যান আব্দুর রশিদ শাহ,আন্দুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান শেখ শফিকুল ইসলাম

মোক্তার,সীমান্ত ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আব্দুল মালেক মোল্লা প্রমুখ।